

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়ঃ ইন্টারন্যাশনাল সিভিল সার্ভিস ডে উদযাপন উপলক্ষ্যে ২৩/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ : ২৩/০৬/২০১৬ খ্রিঃ
সভার সময় : বেলা ১২.০০ টা।
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা “পরিশিষ্ট ক”।

আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সচিব আন্তর্জাতিক সিভিল সার্ভিস ডে পালনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত করেন। বৃটিশ শাসনামলে সিভিল সার্ভিস প্রতিষ্ঠার সংক্ষিপ্ত ইতিহাসও তিনি সভায় উপস্থাপন করেন। ভারতীয় উপমহাদেশের বিভিন্ন দেশ এবং অন্যান্য দেশে সিভিল সার্ভিসের বর্তমান অবস্থা সচিব মহোদয় আলোচনার মাধ্যমে সকলকে অবহিত করেন।

২। আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বাংলাদেশে সিভিল সার্ভিসের বর্তমান অবস্থার বর্ণনা করেন। সিভিল সার্ভিসের আধুনিকায়ন ও যথাযথ অবস্থানে সমুন্নত রাখার প্রয়োজনীয়তা তুলে ধরেন। সিভিল সার্ভিসে নিয়োজিত সদস্যদের নিজ পেশার প্রতি আন্তরিকতা, সততা, দৃঢ়তা ও বিষয়ভিত্তিক জ্ঞানে নিজেদের সমৃদ্ধ করার প্রয়োজনীয়তা সম্পর্কে অতিরিক্ত সচিব বিস্তারিত আলোচনা করেন।

সিভিল সার্ভিস ডে উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক এ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নের জন্য দুইটি ইনোভেশন কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয় এবং আলোচনাতে গৃহীত হয়। পরিকল্পনা দুটি নিম্নরূপঃ

- ১) মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মাধ্যমে বিদেশীদের পার্বত্য অঞ্চলে ভ্রমণের আবেদনপত্র গ্রহণ ও অনুমতি প্রদান।
- ২) মন্ত্রী মহোদয়ের নিকট সাহায্যপ্রার্থী পার্বত্যবাসীর অনলাইনে আবেদন গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান।

সিদ্ধান্ত : পরিকল্পনা দুটি বাস্তবায়নের জন্য Software তৈরি ও অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম শীঘ্রই সম্পন্ন করে কার্যক্রম শুরু করা হবে।

যুগ্ম সচিব (প্রশাসন) সভায় জানান যে, আন্তর্জাতিক সিভিল সার্ভিস ডে পালনের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন ছয়টি সংস্থায় পত্র দেয়া হয়েছে। তাঁরা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে এবং দিবসটি পালন করেছে। প্রতিটি সংস্থা জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ করেছে যার বিস্তারিত বিবরণসহ ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৬/২০১৬
(নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি)
সচিব

চলমান পাতা-০২

নং-২৯.০০.০০০০.২১৩.২৩.০১৩.১৫. ন চ ন

তারিখঃ ৩০/০৬/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দু: আ: উপসচিব, সিপি-১ অধিশাখা)।
- ২। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্ম সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
- ৬। উপসচিব (সকল)/উপপ্রধান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যগত উপজাতীয় শরণার্থী প্রত্যাশাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
- ৯। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। তথ্য কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। আইসিটি স্পেশালিস্ট/সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। অফিস কপি।

(সুবিনয় ভট্টাচার্য্য)

উপসচিব

ফোন: ৯৫৭৬৬৪৩

E-mail : a.mochta@yahoo.com